উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের জুন/২০২২ মাসে অনুষ্ঠিত (৩৬ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৮/০৬/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরুপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে জুন/২২ মাস পর্যন্ত অ্যাস্ট্রেজেনিকা, ফাইজার ও সাইনোফার্ম ভ্যাকসিন ১ম ডোজ ২১৪৮৪৫ জন ও ২য় ডোজ ১৫০১৮৮ জন ও বুষ্টার ডোজ ৭৪৬২ জনকে টিকা প্রদান করা। কোভিড-১৯ ভ্যাকসিন ১৭০৫৪ ডোজ মজুদ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ১৩১০ জন কৃষকের মাঝে কৃষি প্রণোদনার আওতায় প্রতিজন কৃষকের মাঝে ০৫ কেজি আমন ধানের বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সফলভাবে বিতরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, সিলেট এলাকা বন্যার পানিতে প্লাবিত হয়েছে; রাজবাড়ী সদর উপজেলার বেশ কয়েকটি ইউনিয়ন বিশেষ করে বরাট, মিজানপুর, চন্দনী এবং খানগঞ্জ বন্যা কবলিত হওয়ার আশংকা থাকে। তাই পূর্ব প্রস্তুতির অংশ হিসেবে আমি এবং আমার সহকর্মীগণ নদীর তীরবর্তী এলাকা পরিদর্শন করেছি। ইতোমধ্যে বরাট ও মিজানপুরের জন্য একটি এবং চন্দনী ও খানগঞ্জ ইউনিয়নের জন্য একটি; মোট দুইটি ভেটেরিনারি টিম গঠন করা হয়েছে। উল্লেখ্য বরাট এলাকায় ফ্রিভ্যাক্সিনেশন কার্যক্রম পরিচালিত হয়েছে। পর্যায়ক্রমে অন্য এলাকাতে ও এই কার্যক্রম পরিচালিত হবে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | আসন্ন কোরবানিতে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে পূর্ববর্তী সময়ের চেয়ে অধিকসংখ্যক পশু সরবরাহ করার লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ অফিস বেশ কিছু কার্যক্রম পরিচালনা করছে। যেমন, গবাদি পশু হৃষ্টপুষ্টকরণ খামারিদের প্রশিক্ষণ, ভিটামিন কৃমিনাশকসহ বিভিন্ন উপকরণ বিনামূল্যে সরবরাহ করণ, লাম্পিস্কিন ডিজিজ, ক্ষুরারো গনিয়ন্ত্রণে ভ্যাক্সিনেশন, সচেতনতা সভা, উঠান বৈঠক ইত্যাদি। এছাড়া অনুমোদিত কোরবানির পশুর হাটে দায়িত্ব পালনের জন্য দুইটি ভেটেরিনারি টিম গঠন করা হয়েছে। এই টিমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে হাট কমিটির সদিচ্ছা এবং সার্বিক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে সম্মানীত উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, জাটকা সংরক্ষণ অভিযান শেষ হবে ৩০ জুন ২০২২। ২৩-২৯ জুলাই ২০২২ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ পালিত হবে। জেলেদের তালিকা হালনাগাদ করণের কার্যক্রম চলমান আছে। বরাট ইউনিয়েনে ইলিশ অভিযান বিষয়ে সচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ০৭ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের এপ্রিল হতে জুন/২০২২ মাসের বিভিন্ন ভাতার (নতুনসহ) পে-রোল প্রেরণ করা হয়েছে। ৩৫ টি প্রতিবন্ধী আইডি কার্ড প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। আরএসএস পূন:বিনিয়োগ করা হয়েছে ৫,৫০,০০০/- টাকা এবং আদায়কৃত ৯,৯২,৭৫০/- টাকা মাত্র। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৩০০ টি ঘরের মধ্যে ২৯২ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। ৩য় পর্যায়ে বরাদ্দকৃত ৭৫ টি ঘরের মধ্যে ৭৫ টি গৃহ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত ২৫ টি ঘরের নির্মাণ কাজ চলমান আছে। জমি নির্বাচনের কার্যক্রম চলমান। টিআর ও কাবিখা'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ০৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ২৮৩৬ মেঃ টন চাউল ও ৩৭৫ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। রাজবাড়ী সদর উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচির কার্ড সংখ্যা ১২৬০৩ টি। এছাড়া ভিজিডি, জিআর, ইপি-ওপি, খাদ্যবান্ধব কাবিখা ও শহর ওএমএস কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, জুন/২০২২ মাসে অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ৭৩১০৫ জন, মোট গ্রহণকারী ৫৭৫২৫ জন, গ্রহনকারীর হার ৭৮.৬৯%, স্থায়ী পদ্ধতির পুরুষ ০৪ জন, মহিলা ১২ জন। মোট স্থানী পদ্ধতি ১৬ জন। দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইনজেকশন ১৪৪৩ জন, আইইউডি ১০৭ জন ও ইমপ্লান্ট ২২৭ জন। আশ্রয়ন প্রকল্পে জুন/২০২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ২৯ জন। সর্বমোট গ্রহনকারী ২৬ জন। গ্রহনকারীর হার ৮৯.৬৫%। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ঋণ বিতরণ ৫৬ জনকে ৩২,০০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ ৪,৩৮,৯০,০০০/- টাকা। চলতি আদায়ের হার ১০০%, কিস্তি খেলাপী ২,০২,৮০৮/- টাকা, ঋণ খেলাপী ৩,৫৯,৭৬৯/- টাকা। চলতি অর্থ বছরে ১৪ ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুন/২০২২ মাসে রুপপুর আশ্রয়ন প্রকল্পের আদায়কৃত ঋণের পরিমাণ ৯০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৭২/- টাকা, দয়ালনগর নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ২,৬৮,৬০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৬৪,০০০/- টাকা এবং নাওডুবি নারী উন্নয়ন সমবায় সমিতি লিমিটেডের আদায়কৃত ঋণের পরিমাণ ৩,০১,২০০/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৭০,৪০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুন/২০২২ মাসে রাজবাড়ী সদর উপজেলার উপজেলা পর্যায়ের জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ ও বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা/২০২২ এর পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে। প্রতিষ্ঠান কর্তৃক যথারীতি মাল্টিমিডিয়া ক্লাস অনলাইনে এন্ট্রি চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি মেনে শ্রেণী কার্যক্রম পরিচলনা চলমান রয়েছে। উপবৃত্তি কার্যক্রম ও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১ম পর্যায় ৩৬৪ টি নলকূপের মধ্যে ৩৬৪ টি সম্পূর্ণ হয়েছে। ২য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ২৫৮ টি সম্পূর্ণ হয়েছে। ৩য় পর্যায়ে ৩৬৪ টি নলকূপের মধ্যে ১২৮ টি সম্পূর্ণ হয়েছে। জি.পি.এন এবং এন.এন. জি.পি. এস প্রকল্পে ০৫ টি ওয়াশ ব্লকের কাজ সমাপ্ত হয়েছে। বাকি ০২ টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পিইডিপি প্রকল্পে ০১টি ওয়াশ ব্লকের কাজ সমাপ্ত হয়েছে। বাকি ১৭ টি ওয়াশব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), রাজবাড়ী সদর উপজেলায় এডিপি ভূক্ত ০৩ (তিন) টি প্রকল্প চলমান রয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | তিনি সভাকে আরও অবহিত করেন যে, সোনালী ব্যাংক রাজবাড়ী উপজেলা কমপ্লেক্স শাখায় বিআরডিবি'র আওতাভূক্ত সমবায়ীদের শেয়ার সঞ্চয়ের টাকা স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ করা হয়েছে। কিন্তু সোনালী ব্যাংক বর্ণিত স্থায়ী আমানতের উপর চুক্তিমূল্যের চেয়ে কম লাভ প্রদান করেছে। স্থায়ী আমানতের উপর প্রাপ্য প্রকৃ লাভের অর্থ প্রদান করার জন্য ব্যাংক বহুবার পত্র প্রদান করাসহ ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হলেও কোন সারা পাওয়া যাচ্ছে না। তিনি সমবায়ীদের ন্যায্য পাওনা আদায়ের বিষয়ে সভায় সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের জুন/২০২২ মাসে ঋণ বিতরণ ৩১.১৩ লক্ষ টাকা, ঋণ আদায় ৪৮.৪১ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৫.৪৭ লক্ষ টাকা, সদস্য ভর্তি ১৯ জন ও ঋণ আদায়ের হার ৯৭%। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, জুন/২০২২ মাসে ঋণ বিতরণ ১৫৯.৮০ লক্ষ টাকা, ঋন আদায় ১৫৯.৯৮ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ৪.৯৬ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজবাড়ী শাখা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী। |
| ২০ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, আলীপুর ও বসন্তপুর ইউনিয়নের কর্তনকৃত গাছ আইন মোতাবেক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখবেন। | উপজেলা বন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

০৫। <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর মে/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর মে/২০২২ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

(খ) উপজেলা পরিষদ পুরাতন ভবনের ওয়ালের বিভিন্ন স্থানে প্লাষ্টার করণের মালামাল ক্রয় ও লেবার খরচ বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার, উপজেলা পরিষদের পানির লাইন ও পাম্প মেরামত বাবদ প্রদানকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি/২০২১-২০২২) দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০২০-২০২১ ও ০৫/২০২০-২০২১ সংবাদ পত্রে প্রকাশের জন্য বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আওয়ার টাইম এর অনুকূলে ভ্যাট ও আয়কর ব্যতিত প্রদানকৃত ৩১,৩১২/- (একত্রিশ হাজার তিনশত বার) টাকার, বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দৈনিক সময়ের আলো এর অনুকূলে ভ্যাট ও আয়কর ব্যতিত প্রদানকৃত ৪৮,৮৮৮/- (আটচল্লিশ হাজার আটশত আটাশি) টাকার, বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক মাতৃকণ্ঠএর অনুকূলে ভ্যাট ও আয়কর ব্যতিত প্রদানকৃত (২৯,৬৩৩+৩১,৭৬৫) = ৬১,৩৯৮/- (একষট্টি হাজার তিনশত আটানব্বই) টাকার, বিজ্ঞাপন ম্যানেজার, The Business Standerd এর অনুকূলে ভ্যাট ও আয়কর ব্যতিত প্রদানকৃত ২৯,৮১৪/- (উনত্রিশ হাজার আটশত চৌদ্দ) টাকার, বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আজকালের খবর এর অনুকূলে ভ্যাট ও আয়কর ব্যতিত প্রদানকৃত ৪৮,৮৮৮/- (আটচল্লিশ হাজার আটশত আটাশি) টাকা এবং উক্ত বিজ্ঞাপন বিলের ভ্যাটের অর্থ চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য কোড নং- ১-১১৩৩-০০০৫-০৩১১-এ ভ্যাট বাবদ প্রদানকৃত (৪,৮৪২+৭,৫৬০+৪,৫৮৩+৪,৯৩৫+৪,৬১০+৭,৫৬০) = ৩৪,০৯০/- (চৌত্রিশ হাজার নব্বই) টাকার ও কোড নং- ১-১১৪১-০০১০-০১১১-এ আয়কার বাবদ প্রদানকৃত (৯৬৮+১,৫১২+৯১৭+১,১৩৫+৯২২+১,৫১২) = ৬,৯৬৬/- (ছয় হাজার নয়শত ছেষট্টি) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(গ) জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা/২০২১ ও আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২১ পরিচালনার অতিরিক্ত ব্যয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার এবং উপজেলা পরিষদের পাম্প ও পানির লাইন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬। জনাব মোঃ রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, শুদ্ধাচার চর্চায় মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রাখায় জনাব মার্জিয়া সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী মহোদয় শুদ্ধাচার পুরস্কার-২০২২ পাওয়ায় আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার বক্তব্য শেষ করেন।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ী দীর্ঘদনি যাবৎ অকেজো হয়ে পড়ে থাকায় বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়ীটি বিক্রয়ের বিষয়ে বিআরটিএকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি বলেন যে, শুদ্ধাচার চর্চায় মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রাখায় জনাব মার্জিয়া সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী মহোদয় শুদ্ধাচার পুরস্কার-২০২২ পাওয়ায় উপজেলা পরিষদের পক্ষ থেকে আন্তরিত অভিনন্দন এবং জেলা প্রশাসক, রাজবাড়ী মহোদয়কে ধন্যবাদ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ ইমদাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২০২২- ৫২৪(৫০)

তারিখ : ২৮.০৬.২০২২ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৪-৫০ । ...............................................................

...............................................................

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

২৮/০৬/২২

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।